

প্রথম আলো

নগর সংস্করণ

৫ আগস্ট ২০২০

২১ আৰণ ১৪২৭, ১৪ জিনহজ ১৪৪১

প্র অধুনাসহ মোট ১৬ পৃষ্ঠা, ৮১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.cga.gov.bd



স্মারক নম্বর : ০৭.০৩.০০০০.০০৩.৮১.৪৫৭.১৯.৭৬১

তারিখ : ০৩.০৮.২০২০ খ্রি.

ঢাকা মহানগরীস্থ এবং ঢাকা মহানগরীর বাইরে অবস্থিত ব্যাংকের শাখাসমূহ হতে পেনশন প্রদান/পুনর্ভরণ বন্ধকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

মুজিব শতবর্ষে পেনশন ইএফটির মাধ্যমে সকল বেসামরিক পেনশনারদের পেনশন সরাসরি পেনশনারদের ব্যাংক হিসাবে প্রদানের জন্য হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় অসীকারবদ্ধ। সরকারের ডিজিটাইজেশন কর্মকাণ্ডের ব্যাপ্তি বৃদ্ধি, পেনশন কেন্দ্রীয়করণ কার্যক্রম বাস্তবায়ন এবং পেনশন ব্যবস্থাকে অটোমেশনের আওতায় আনয়নের অংশ হিসেবে ঢাকা মহানগরীতে অবস্থিত সকল রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক হতে সেপ্টেম্বর ১০, ২০২০ খ্রি. তারিখের পর (আগস্ট, ২০২০ খ্রি. মাসের পেনশন যা সেপ্টেম্বর, ২০২০ খ্রি. মাসে প্রদান করা হবে) কোন পেনশন প্রদান করা হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে অর্থাৎ, ঢাকা মহানগরীতে অবস্থিত রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকসমূহ সর্বশেষ আগস্ট, ২০২০ খ্রি. মাসের পেনশন প্রদান করবে।

ইতোমধ্যে ব্যাংক হতে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে অধিকাংশ পেনশনারদের ডি-হাফ প্রেরণ করা হয়েছে। ব্যাংক হতে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে ডি-হাফ প্রেরণের পর পেনশনারকে (১) পূরণকৃত ইএফটি ফরম (ফরমটি www.cga.gov.bd হতে ডাউনলোড করা যাবে এবং সংশ্লিষ্ট ব্যাংকের শাখায় পাওয়া যাবে) (২) জাতীয় পরিচয়পত্রের কপি এবং (৩) নিজ ব্যাংক হিসাবের MICR চেক বই এর কভার পৃষ্ঠার ফটোকপি সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও যে সকল পেনশনার চলতি মাসে ব্যাংক হতে উৎসব ভাতা/পেনশন গ্রহণ করবেন তাঁরা সংশ্লিষ্ট ব্যাংকেও বর্ণিত তিনটি ডকুমেন্ট জমা দিতে পারবেন। সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে ডি-হাফ এর সাথে উক্ত ডকুমেন্টস সংযুক্ত করে হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ঢাকা মহানগরীর বাইরে অবস্থিত ব্যাংকসমূহ ডিসেম্বর, ২০২০ খ্রি. মাস পর্যন্ত (নভেম্বর, ২০২০ খ্রি. মাসের পেনশন যা ডিসেম্বর, ২০২০ খ্রি. মাসে প্রদেয় হবে) পেনশন প্রদান অব্যাহত রাখতে পারবেন। এক্ষেত্রে পেনশনারগণ মাসিক পেনশন গ্রহণের সময় বর্ণিত ডকুমেন্টসসমূহ ব্যাংকে প্রদান করলে ব্যাংক উক্ত ডকুমেন্টসসহ ডি-হাফ সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করবে। পেনশন অটোমেশন ও কেন্দ্রীয়করণ কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদানের জন্য সম্মানিত পেনশনার এবং রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকসমূহকে অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত
মোঃ জহুরুল ইসলাম
হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়।